

Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 15 April, 2025

কিশোরগঞ্জের বৌলাই ইউনিয়নের বিলবরুল্লা গ্রাম থেকে তামিম (১৬) নামে এক মানসিক প্রতিবন্ধী কিশোর নিখোঁজ হয়েছে। গত ১৩ এপ্রিল দুপুর ২টা'র দিকে পরিবারের কাউকে কিছু না জানিয়ে সে বাড়ি থেকে বেরিয়ে যায়। এরপর থেকে তার আর কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না বলে জানিয়েছে পরিবার।

নিখোঁজ তামিমের বাবা আব্দুল কাইয়ুম কিশোরগঞ্জ মডেল থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। তিনি জানান, তার ছেলে তামিম সামান্য মানসিক প্রতিবন্ধী এবং দীর্ঘদিন ধরে পরিবারের সাথেই বাড়িতে বসবাস করছিল। হঠাৎ করে কোথাও না জানিয়ে সে বাড়ি থেকে বেরিয়ে যায়। পরিবারের লোকজন আত্মীয়স্বজনসহ সম্ভাব্য সব স্থানে খোঁজাখুঁজি করলেও এখনও পর্যন্ত তামিমের কোনো সন্ধান মেলেনি।

নিখোঁজ তামিমের বয়স ১৬ বছর। তার গায়ের রঙ ফর্সা, উচ্চতা প্রায় ৪ ফুট ৫ ইঞ্চি। নিখোঁজ হওয়ার সময় তার পরনে ছিল প্রিন্টের লুঙ্গি ও গেঞ্জি। সে কিশোরগঞ্জ এলাকার আঞ্চলিক ভাষায় কথা বলে জানা গেছে।

পরিবারের পক্ষ থেকে তামিমের সন্ধান পেলে নিকটস্থ থানায় যোগাযোগ করার জন্য সকলের সহযোগিতা কামনা করা হয়েছে। তামিমের বাবা আব্দুল কাইয়ুমের সাথে যোগাযোগ করতে ০১৭৪২৬৩১৬৪২ এই নম্বরে যোগাযোগ করতে পরিবারের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।

নিখোঁজ সংবাদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:31

URL: <https://timestodaybd.com/across-the-country/796775807>